গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৭৮/২০১৯-২০২০

ঢাকা, ১৩ অক্টোবর রোববার ২০১৯, ২৮ আশ্বিন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। উন্নয়ন প্রকল্পে কাজের মান নিশ্চিত করতে হবে : কিশোরগঞ্জে রাষ্ট্রপতি
২। ভাণ্ডারিয়াসহ মোট ১০০টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৩। শিক্ষাঙ্গনে কোনো অন্যায় সহ্য করা হবে না : প্রধানমন্ত্রী
৪। আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস আজ
বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দিবসের কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৫। দেশের উন্নয়নে এবং দারিদ্র্য বিমোচনে সবচেয়ে বড় ইঞ্জিন হচ্ছে কৃষি : কৃষিমন্ত্রী
৬। ভারতের সঙ্গে স্বার্থরক্ষাকারী চুক্তিগুলোর ফলে দেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হবে : কক্সবাজারে তথ্যমন্ত্রী
৭। সাংগঠনিক রাজনীতি চলবে কি-না সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয় প্রশাসনের : চাঁদপুরে শিক্ষামন্ত্রী
৮। ভারতকে পানি দেয়া নিয়ে ভুল তথ্য প্রচার করা হচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী
৯। যুক্তরাজ্য প্রবাসীদের বিনিয়োগের আহ্বান শিল্পমন্ত্রীর
১০। বাসযোগ্য নগর গড়তে আইনের কঠোর প্রয়োগ দরকার : গণপূর্তমন্ত্রী
১১। চট্টগ্রাম বন্দরকে কর্ণফুলী রক্ষায় স্থায়ী রূপরেখা তৈরির নির্দেশ ভূমিমন্ত্রীর
১২। প্রধানমন্ত্রীর আন্তরিকতার প্রতিফলন পার্বত্য এলাকার উন্নয়ন : পার্বত্যমন্ত্রী
১৩। দেশে একটি আন্তর্জাতিক মানের ফিল্ম সিটি নির্মাণ করা হবে : ফিল্ম সিটি পরিদর্শনকালে তথ্য প্রতিমন্ত্রী
১৪। জেলা-উপজেলায় পথশিশুদের পুনর্বাসন কেন্দ্র হবে : শিশুবিষয়ক প্রতিমন্ত্রী
১৫। পাটসহ প্রাকৃতিক তন্তু ব্যবহারে জাতিসংঘে বাংলাদেশের প্রস্তাব

চলমান পাতা-২

১। **উন্নয়ন প্রকল্পে কাজের মান নিশ্চিত করতে হবে : কিশোরগঞ্জে রাষ্ট্রপতি**

উন্নয়ন প্রকল্পে কাজের মান নিশ্চিত করতে সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (১২ অক্টোবর শনিবার) তিনি কিশোরগঞ্জের ইটনা, মিঠামইন, অষ্টগ্রাম সড়কসহ বিভিন্ন চলমান উন্নয়ন প্রকল্পের অগ্রগতি প্রত্যক্ষকালে এ আহ্বান জানান। এ সময় কাজের মান নিশ্চিতের নির্দেশনা দেয়ার পাশাপাশি সংশ্লিষ্টদের প্রতি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, কাজে কারো গাফিলতি পেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অথবা ব্যক্তিকে অবশ্যই জবাবদিহি করতে হবে। তিনি আরো বলেন, ইটনা, মিঠামইন,অষ্টগ্রাম সড়ক কিশোরগঞ্জের তিনটি উপজেলার মধ্যে সংযোগ স্থাপন করবে এবং এতে ঢাকা ও দেশের অন্যান্য এলাকার সঙ্গে সড়ক যোগাযোগ সহজ হবে। সূত্র **: বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **নিউজ টুডে** (**শেষ** পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

২। **ভাণ্ডারিয়াসহ মোট ১০০টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আজ বলেশ্বর নদের শাখা কচাঁ নদী তীরবর্তী উপকূলীয় অঞ্চল পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলা ইকড়ি ইউনিয়নে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উদ্যোগ নির্মিত বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রের উদ্বোধন করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল সাড়ে ১০টায় ঢাকা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভাণ্ডারিয়ার ইকড়িতে একটিসহ দেশের বিভিন্ন অঞ্চলে এ ধরনের মোট ১০০টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের উদ্বোধন করবেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৩)।

৩। **শিক্ষাঙ্গনে কোনো অন্যায় সহ্য করা হবে না : প্রধানমন্ত্রী**

বুয়েটের ছাত্র আবরার ফাহাদ হত্যাকাণ্ডের প্রেক্ষিতে আন্দোলনের মুখে বুয়েট কর্তৃপক্ষ আন্দোলনকারী শিক্ষার্থীদের সব দাবি মেনে নিলেও আন্দোলন চালিয়ে যাওয়ার যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শিক্ষাঙ্গনে অনুকূল পরিবেশ বজায় রাখার জন্য কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে অন্যায়কারী যে কারও বিরুদ্ধেই কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের কথা উল্লেখ করেন তিনি। তিনি বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ রাখতে হবে। কোনো অন্যায় অবিচার আমরা সহ্য করি নাই, ভবিষ্যতেও করব না। অপরাধী যেই হোক তার বিরুদ্ধে ব্যবস্থা নেব। তিনি গতকাল (১২ অক্টোবর শনিবার) রাজধানীর খামারবাড়িস্থ কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে মহিলা শ্রমিক লীগের কাউন্সিল-২০১৯'র উদ্বোধন পর্বে প্রধান অতিথির ভাষণে এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

৪। **আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস আজ**
**বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দিবসের কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আজ (১৩ অক্টোবর রোববার) আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস।'বিধি তৈরি করুন এবং জীবন ও সম্পদের ঝুঁকি হ্রাস করুন' প্রতিপাদ্যের মধ্য দিয়ে সারাবিশ্বে দিবসটি পালিত হচ্ছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপ্রতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। আজ রোববার সকাল ১০টায় রাজধানীর শেরেবাংলানগরে বঙ্গবন্ধু আন্তজাতিক সম্মেলনকেন্দ্রে দিবসের কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.৪)।

৫। **দেশের উন্নয়নে এবং দারিদ্র্য বিমোচনে সবচেয়ে বড় ইঞ্জিন হচ্ছে কৃষি : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, বাংলাদেশের অর্থনীতিতে কৃষির গুরুত্ব অপরিসীম। বাংলাদেশের উন্নয়নে এবং দারিদ্র্য বিমোচনে সবচেয়ে বড় ইঞ্জিন হচ্ছে কৃষি। এখনও বাংলাদেশের অর্থনীতি, সামাজিক নীতি সব কিছুই কৃষিকে কেন্দ্র করেই আর্বতিত হয়। গতকাল (১২ অক্টোবর শনিবার) গাজীপুরের বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০১৯ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (পৃ.৪,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৩,ক.১)।

৬। **ভারতের সঙ্গে স্বার্থরক্ষাকারী চুক্তিগুলোর ফলে দেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হবে : কক্সবাজারে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্প্রতি ভারত সফরকালে দেশের স্বার্থরক্ষা হয় এমন কিছু চুক্তি করেছেন। এ চুক্তিগুলোর ফলে দেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হবে। গতকাল (১২ অক্টোবর শনিবার) কক্সবাজারের রামু উপজেলায় জনসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**৭।	সাংগঠনিক রাজনীতি চলবে কি-না সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয় প্রশাসনের : চাঁদপুরে শিক্ষামন্ত্রী**

বিশ্ববিদ্যালয়গুলোতে সাংগঠনিক রাজনীতি চলবে কি না সে বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। গতকাল (১২ অক্টোবর শনিবার) চাঁদপুর সার্কিট হাউসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। তিনি বলেন, যে বিশ্ববিদ্যালয়গুলো ১৯৭৩ সালের অধ্যাদেশ দিয়ে চলে, তারা সে অধ্যাদেশ অনুযায়ী এবং বাকি বিশ্ববিদ্যালয়গুলোর প্রত্যেকটিই তাদের নিজস্ব আইন দ্বারা পরিচালিত হয়। এ ক্ষেত্রে সাংগঠনিক রাজনীতি চলবে নাকি বন্ধ হবে, তা বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিজস্ব সিদ্ধান্তের বিষয়। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **নিউ নেশন** (**শেষ** পৃ,ক.৪)।

**৮।	ভারতকে পানি দেয়া নিয়ে ভুল তথ্য প্রচার করা হচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, ভারতকে আমরা খাবার পানি দিয়েছি বিষয়টি নিয়ে ভুল তথ্য প্রচার হচ্ছে। তিনি বলেন, মাত্র ছয় হাজার লোকের একটি শহরে আমরা খাবার পানি দিচ্ছি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, এ পানি দেয়ার মাধ্যমে আমরা ভারতকে বোঝালাম আমাদের মন  অনেক বড়। সে সাথে তারদেরকে একটা দায়বদ্ধতার মধ্যে রাখলাম। তিনি বলেন, দেশের গ্যাস ভারতে বিক্রি করা হচ্ছে না। বিদেশ থেকে গ্যাস কিনে সেটি প্রক্রিয়াজাত করে সে গ্যাস ভারতের কাছে বিক্রি করা হবে। এটি বাংলাদেশের জন্য সুখবর। নতুন একটি বাজার আমরা পেয়েছি। গতকাল (১২ অক্টোবর শনিবার) সিলেট ওসমানী বিমানবন্দরে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**৯।	যুক্তরাজ্য প্রবাসীদের বিনিয়োগের আহ্বান শিল্পমন্ত্রীর**

যুক্তরাজ্য প্রবাসী বাংলাদেশি তরুণ প্রজন্মকে বাংলাদেশের উদীয়মান শিল্পখাতে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, শিল্পখাতে দেশি-বিদেশি উদ্যোক্তাদের বিনিয়োগে উৎসাহিত করতে সরকার ১০০টি অর্থনৈতিক অঞ্চল, গভীর সমুদ্রবন্দর ও পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণসহ নানা অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে। এর ফলে দেশে বিনিয়োগের ইতিবাচক পরিবেশ তৈরি হয়েছে। গত ১১ অক্টোবর শুক্রবার যুক্তরাজ্যের বার্মিংহামে অনুষ্ঠিত তৃতীয় ব্রিটিশ বাংলাদেশি বিজনেস অ্যাওয়ার্ড-২০১৯ প্রদান অনুষ্ঠানে শিল্পমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **নিউ নেশন** বিজসেন পাতা (পৃ.১,ক.১)।

**১০।	বাসযোগ্য নগর গড়তে আইনের কঠোর প্রয়োগ দরকার : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, দেশে আইন, নীতি ও নিয়মের ঘাটতি নেই। বাসযোগ্য নগর গড়ে তুলতে দরকার আইনের কঠোর প্রয়োগ। আমাদের মানসিকতারও পরিবর্তন প্রয়োজন। রাজউকের আইন আছে, পরিবেশের আইন আছে, যানবাহন আইন আছে, কিন্তু আমরা এ আইন অনুসরণ করছি না। আমাদের যথাযথভাবে আইন অনুসরণ করতে হবে। গতকাল (১২ অক্টোবর শনিবার) রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় আয়োজিত 'বাসযোগ্য নগরী গড়ে তুলতে করণীয়' শীর্ষক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

**১১।	চট্টগ্রাম বন্দরকে কর্ণফুলী রক্ষায় স্থায়ী রূপরেখা তৈরির নির্দেশ ভূমিমন্ত্রীর**

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ বলেছেন, অব্যাহত দখলের পর কর্ণফুলী নদী এখন যে অবস্থায় আছে, এ নদীর আর কোনো ক্ষতি করার সুযোগ কাউকে দেয়া যাবে না। এ অবস্থায় আমি চট্টগ্রাম বন্দর সংশ্লিষ্টদের কাছে প্রত্যাশা করছি যে, এ নদীর রক্ষণাবেক্ষণের জন্য তারা এগিয়ে আসবেন। গতকাল (১২ অক্টোবর শনিবার) চট্টগ্রাম নগরীর অভয়মিত্র ঘাটে 'কর্ণফুলী নদী দখল-দূষণমুক্তসহ অবিলম্বে ক্যাপিটাল ড্রেজিং' শীর্ষক এক গোলটেবিল আলোচনায় তিনি এসব কথা বলেন। এ সময় মন্ত্রী দখল ও দূষণ রোধ এবং কর্ণফুলী নদী রক্ষণাবেক্ষণের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে স্থায়ী রূপরেখা তৈরির নির্দেশ দিয়েছেন। সূত্র **: সংবাদ** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**১২।	প্রধানমন্ত্রীর আন্তরিকতার প্রতিফলন পার্বত্য এলাকার উন্নয়ন : পার্বত্যমন্ত্রী**

পার্বত্য এলাকার ব্যাপক উন্নয়ন প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিকতার প্রতিফলন বলে মন্তব্য করেছেন পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী বীর বাহাদুর উশৈসিং। গতকাল (১২ অক্টোবর শনিবার) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড বান্দরবান ইউনিটের উদ্যোগ আয়োজিত কৃষকদের মধ্যে পাওয়ার টিলার ও নারীদের মধ্যে সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র **: বণিক বার্তা** (পৃ.১৩,ক.৩)।

**১৩। দেশে একটি আন্তর্জাতিক মানের ফিল্ম সিটি নির্মাণ করা হবে : ফিল্ম সিটি পরিদর্শনকালে তথ্য প্রতিমন্ত্রী**

তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধুর নামে সাভারের কবিরপুরে এবং গাজিপুরের কালিয়াকৈর উপজেলায় **১০৫** একর জমির ওপর বঙ্গবন্ধু ফিল্ম সিটি গড়ে উঠেছে। ঐ স্থানে চলচিত্র নির্মাণের কাজ শুরু হয় **২** বছর আগে। ফিল্ম সিটি সম্পন্ন করতে বেশ সময় লাগবে। আমাদের মূল উদ্দেশ্য বাংলাদেশে একটি আন্তর্জাতিক মানের ফিল্ম সিটি নির্মাণ করা। গতকাল (**১২** অক্টোবর শনিবার) বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি পরিদর্শনশেষে সাংবাদিকদের এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।

**১৪। জেলা-উপজেলায় পথশিশুদের পুনর্বাসন কেন্দ্র হবে : শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুল নেসা ইন্দিরা বলেছেন, দেশের সব জেলা ও উপজেলায় পথশিশুদের জন্য পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা করা হবে। দেশে কোনো পথশিশু পথে থাকবে না এবং কোনো শিশু মানবেতর জীবনযাপন করবে না। গতকাল (**১২** অক্টোবর শনিবার) রাজধানীর শিশু একাডেমি মিলনায়তনে সুবিধাবঞ্চিত ও পথশিশুদের নিয়ে সমাবেশ, আলোচনাসভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**১৫। পাটসহ প্রাকৃতিক তন্তু ব্যবহারে জাতিসংঘে বাংলাদেশের প্রস্তাব**

পাটের মতো প্রাকৃতিক তন্তু ব্যবহারে জাতিসংঘে একটি প্রস্তাব উপস্থাপন করেছে বাংলাদেশ। গত **১১** অক্টোবর শুক্রবার সাধারণ পরিষদের দ্বিতীয় কমিটির পূর্ণাঙ্গ অধিবেশনে 'কৃষি উন্নয়ন, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি' বিষয়ক এজেন্ডার (এজেন্ডা-২৪) আওতায় এ প্রস্তাব তুলে ধরেন জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮),**বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রংপুর মহানগরীর পূর্ব পীরজাবাদ, বাহার কাছনা, সিগারেট কোম্পানি, দেওডোবা বড়বাড়ী এলাকাতে নিয়মবহির্ভূতভাবে বিদ্যুৎ সঞ্চালন লাইনে বাঁশের খুঁটি ব্যবহার করা হয়েছে উল্লেখ করে এ ধরনের ঝুঁকিপূর্ণ কাজ বন্ধ করতে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** আবরার ফাহাদ হত্যাকাণ্ডের প্রতিবাদে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আন্দোলনের মুখে বুয়েট ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধের ঘোষণা দিয়েছেন উপাচার্য উল্লেখ করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার পরামর্শ।

গ. **বণিক বার্তা :** দেশের গেজেটভুক্ত **৩২**টি নৌবন্দরের বেশ কিছু এখনো সচল হয়নি আর বেশিরভাগ জীর্ণ-শীর্ণ অবস্থা উল্লেখ করে বন্দরগুলোর ব্যবহারযোগ্যতা বাড়াতে আধুনিকায়ন ও অবকাঠামোগত উন্নয়নের ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে গঠিত ওয়ার্কিং কমিটির বৈঠকে সুইস ব্যাংক তথা সুইজারল্যান্ডের ব্যাংকগুলোতে নামে বেনামে পাচার করা বাংলাদেশিদের অর্থ ফেরত আনার লক্ষ্যে কার্যকর একটি উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে উল্লেখ করে এটি দ্রুত কার্যকরের সুপারিশ।

ঙ. **বাংলাদেশ টুডে :** শাক-সবজি চাষের সময় যথেচ্ছা রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করায় তাতে মানবদেহের জন্য ক্ষতিকর উল্লেখ করে জনস্বাস্থ্য বিবেচনায় নিয়ে নিরাপদভাবে শাক-সবজি চাষের আহ্বান।

চ. **নিউ নেশন :** সবজি, মাছ, মাংসসহ নিত্যপণ্যের মূল্য বৃদ্ধি রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিশ্ববিদ্যালয় যেন অবশ্যই হয়ে উঠে সত্যিকারের জ্ঞান বিতরণ আর সৃজনশীল মুক্তবুদ্ধি চর্চার আদর্শ স্থান।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুর খাওয়া-দাওয়া ও মায়ের ভাবনা'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, একটি শিশুর বেড়ে ওঠার জন্য পুষ্টি সমৃদ্ধ খাবার খুবই গুরুত্বপূর্ণ।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা